## BENGALI

### PAPER—II

**Note :** This paper contains fifty (50) objective-type questions, each question carrying **two** (2) marks. Attempt all of them.

দ্রষ্টব্য : এই প্রশ্নপত্রে মোট পঞ্চাশটি (50) বস্তুনিষ্ঠ প্রশ্ন আছে। প্রতি প্রশ্নের পূর্ণমান দুই (2)। সব প্রশ্নের উত্তর দিন।

1. "হরিণা হরিণীর নিলঅ ণ জানী" পংক্তিটির রচয়িতা

(A) লুই পাদ (B) ভুসুকু পাদ (C) শবর পাদ (D) ঢেণ্ঢণ পাদ

2. চর্যাগীতির টীকা রচনা করেছেন

(A) মুনি দত্ত (B) মল্লিনাথ (C) দীপঙ্কর শ্রীজ্ঞান (D) বামন শীল

3. "তাতল সৈকতে বারিবিন্দুসম সুতমিত রমণী সমাজে" পংক্তিটির রচয়িতা

(A) বিদ্যাপতি (B) জ্ঞানদাস (C) বলরাম দাস (D) গোবিন্দ দাস

4. কেতকাদাসের কাব্যে দেবী মনসা যে রূপে কবিকে দেখা দিয়েছেন

(A) ব্রাহ্মণী (B) ধোপানী (C) তাঁতিনী (D) মুচিনী

5. "শয়ন করিতে তারে দিহ ঢেঁকিশালা" কার সম্পর্কে বলা হয়েছে

(A) খুল্লনা (B) লহনা (C) দুর্বলা (D) লীলাবতী

6. চৈতন্য ভাগবতের পূর্বনাম

(A) চৈতন্য মঙ্গল (B) চৈতন্য চন্দ্রোদয়

(C) শ্রী শ্রী কৃষ্ণ চৈতন্য চরিতামৃতম্ (D) চৈতন্য লীলা

7. চৈতন্য চরিতামৃত গ্রন্থের অন্ত্যলীলার পরিচ্ছেদ সংখ্যা

(A) পনের (15) (B) বিশ (20) (C) সতের (17) (D) পঁচিশ (25)

8. "কাঠের সেঁউতি মোর হইল অষ্টাপদ" অষ্টাপদ শব্দের অর্থ

(A) লোহা (B) সোনা (C) রূপা (D) তামা

www.examrace.com

9. মেঘনাদবধ কাব্যের তৃতীয় সর্গ

(A) উদ্যোগ (B) অস্ত্র লাভ (C) সমাগম (D) বধ

10. রামচন্দ্রের প্রেতপুরী যাত্রার সহায়ক

(A) শিব (B) চণ্ডী (C) ইন্দ্র (D) মায়া

11. বৃত্রসংহার কাব্যের সর্গসংখ্যা

(A) আঠার (18) (B) বাইশ (22) (C) চব্বিশ (24) (D) পঁচিশ (25)

12. সারদামঙ্গল কাব্যের প্রকাশকাল

(A) 1284 (B) 1286 (C) 1288 (D) 1290

13. গোবিন্দলাল রোহিণীকে নিয়ে যেখানে চলে গিয়েছিলেন

(A) গোবিন্দপুর (B) প্রসাদপুর (C) হরিদ্রাগ্রাম (D) কলকাতা

14. রাজসিংহ উপন্যাসটির যে সংস্করণ বর্তমানে প্রচলিত

(A) দ্বিতীয় (B) তৃতীয় (C) চতুর্থ (D) পঞ্চম

15. "গৃহের বনিতা ছিলে, টুটিয়া আলয়
বিশ্বের কবিতা রূপে হয়েছ উদয়" উদ্ধৃতিটি কোন কবিতার অংশ

(A) শৈশব সন্ধ্যা (B) যেতে নাহি দিব (C) আকাশের চাঁদ (D) মানস সুন্দরী

16. বলাকা কাব্যে যে বিদেশী লেখকের উদ্দেশে একটি সনেট রয়েছে

(A) গোটে (B) শেলী (C) সেক্সপীয়র (D) বার্ণাড শ

17. চোখের বালি উপন্যাসে আশার ডাক নাম

(A) পান্না (B) হীরা (C) চুণি (D) মুক্তা

18. উপন্যাসের শেষে গোরা যার হাতে জল খেতে চাইল

(A) আনন্দময়ী (B) সুচরিতা (C) লছমী (D) বরদাসুন্দরী

www.examrace.com

19. "বী আমার মধুকরী" উক্তিটি যার

(A) প্রতাপ (B) অপূর্ব (C) অভীক (D) অমল

20. "একদিন তোর জন্য প্রাণ দেব নন্দিনী" রক্তকরবী নাটকে এটি যার উক্তি

(A) রঞ্জন (B) বিশু (C) কিশোর (D) রাজা

21. বিদ্রোহী কবিতা প্রথম যে গ্রন্থের অন্তর্ভুক্ত হয়

(A) বিষের বাঁশী (B) অগ্নিবীণা (C) সর্বহারা (D) দোলন চাঁপা

22. "অসম্ভব, প্রিয়তমে, অসম্ভব শাশ্বত স্মরণ" পংক্তিটি যে কবির রচনা

(A) বিষ্ণু দে (B) অমিয় চক্রবর্তী (C) বুদ্ধদেব বসু (D) সুধীন্দ্রনাথ দত্ত

23. প্রেমেন্দ্র মিত্রের চারটি কাব্য গ্রন্থের নাম

(A) প্রথমা, সাগর থেকে ফেরা, এস্পদী, মহা পৃথিবী

(B) সম্রাট, ফেরারী ফৌজ, হরিণ চিতা চিল, সাগর থেকে ফেরা

(C) হরিণ চিতা চিল, সম্রাট, ফেরারী ফৌজ, কুড় ও কেকা

(D) সাগর থেকে ফেরা, প্রথমা, বন্দীর বন্দনা, হেমন্ত গোধূলি

24. বুদ্ধদেব বসুর কঙ্কাবতী কাব্যের প্রকাশ কাল

(A) 1930 (B) 1935 (C) 1937 (D) 1939

25. ভবানী বাঁড়ুয্যে চরিত্রটি যে উপন্যাসে রয়েছে

(A) পল্লী সমাজ (B) ধাত্রী দেবতা (C) ইছামতী (D) পদ্মানদীর মাঝি

26. ধাত্রীদেবতা উপন্যাসের প্রকাশ কাল

(A) 1936 (B) 1939 (C) 1942 (D) 1945

27. ডানা উপন্যাসের খণ্ড সংখ্যা

(A) দুই (2) (B) তিন (3) (C) চার (4) (D) কোন খন্ড নেই

www.examrace.com

28. জাগরী উপন্যাসের তৃতীয় পরিচ্ছেদ

(A) ফাঁসি সেল (B) জেল গেট

(C) আওরত কিতা (D) আপার ডিভিশন ওয়ার্ড

29. বলবান জামাতা গল্পের নলিনী বাবু

(A) দানাপুরের স্টেশন মাস্টার (B) আলিপুরের পোস্ট মাস্টার

(C) এলাহাবাদের উকিল (D) দিনাজপুরের ডেপুটি ম্যাজিস্ট্রেট

30. পরমানু বোমা বিস্ফোরণের প্রেক্ষিতে লেখা গল্প

(A) মোট বারো (B) টোপ

(C) হনুমানের স্বপ্ন (D) গা মানুষ জাতির কথা

31. ঘোড়ার সহিস ঘমণ্ডী থাকে

(A) আস্তাবলে (B) চাকরদের ঘরে

(C) ঘোড়ার গাড়ির ঘরে (D) গাছতলায়

32. টোপ গল্পে পার্সেলটি যেখান থেকে এসেছে

(A) রামগঙ্গা টি এস্টেট (B) মেখলিবন টি এস্টেট

(C) নীলগিরি টি এস্টেট (D) আদরিনী টি এস্টেট

33. গৈরিক পতাকা নাটকের গানগুলি রচনা করেন

(A) শচীন সেনগুপ্ত (B) নজরুল ইসলাম

(C) হেমেন্দ্র কুমার রায় (D) অতুল প্রসাদ সেন

34. মহাত্মা গান্ধীর ডাণ্ডি অভিযান যে নাটকের প্রেরণা

(A) গৈরিক পতাকা (B) কারাগার (C) নতুন ইহুদী (D) দেবী গর্জন

35. রবীন্দ্রনাথ যে নাটকটি দেখতে রঙ্গালয়ে এসেছিলেন

(A) গৈরিক পতাকা (B) কারাগার (C) সীতা (D) দেবী গর্জন

www.examrace.com

36. কৃষক আন্দোলনের শহীদদের উদ্দেশে যে নাটকটি নিবেদিত

(A) গৈরিক পতাকা (B) দেবী গর্জন (C) সীতা (D) নবান্ন

37. যে নাটকের শুরু ও শেষ একই গান দিয়ে

(A) কারাগার (B) দেবীগর্জন (C) সীতা (D) নতুন ইহুদী

38. আমরা ও তাঁহারা গ্রন্থে মোট ক'টি কথা আছে

(A) পাঁচটি (B) আটটি (C) চারটি (D) দশটি

39. নদীপথে গ্রন্থের হরবোলা

(A) যতীন্দ্রমোহন দাস (B) হেমেন্দ্রমোহন রায় (C) হেমেন্দ্রকুমার রায় (D) পরিমল সেন

40. সাহিত্যে খেলা প্রবন্ধটির লেখক

(A) প্রমথ চৌধুরী
(B) অতুলচন্দ্র গুপ্ত
(C) ধূর্জটি প্রসাদ মুখোপাধ্যায়
(D) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

41. বাংলায় মূল নাসিক্য ধ্বনির সংখ্যা

(A) তিন (3) (B) পাঁচ (5) (C) ছয় (6) (D) চার (4)

42. বিলিতি শব্দটি যে ধ্বনিসূত্রে নিষ্পন্ন হয়

(A) স্বরসঙ্গতি (B) অপিনিহিতি (C) অভিশ্রুতি (D) বিপর্যাস

43. বাংলায় প্রধান উপভাষার সংখ্যা

(A) পাঁচ (5) (B) চার (4) (C) আট (8) (D) তিন (3)

44. "তোহোর অন্তরে মোএ খলিলি হাড়েরি মালী" পংক্তিটিতে অন্তরে শব্দের অর্থ

(A) মন (B) পার্থক্য (C) জন্য (D) ছাড়া

45. আরিস্টটলের মতে ট্রাজেডির অঙ্গ

(A) চারটি (4) (B) পাঁচটি (5) (C) ছয়টি (6) (D) আটটি (8)

www.examrace.com

46. বঙ্কিমবরণ গ্রন্থটি লিখেছেন

(A) রবীন্দ্রনাথ (B) মোহিতলাল (C) নীরদচন্দ্র চৌধুরী (D) প্রমথনাথ বিশী

47. সংস্কৃত অলংকার শাস্ত্রে ব্যভিচারী ভাবের সংখ্যা

(A) নয় (9) (B) দশ (10) (C) চব্বিশ (24) (D) তেত্রিশ (33)

48. আরিস্টটলের মতে ট্রাজেডির কালসীমা

(A) অনির্দিষ্ট (B) সূর্যের সাতটি আবর্তন

(C) একবছর (D) সূর্যের একটি আবর্তন

49. রবীন্দ্রনাথ কথাসাহিত্য গ্রন্থটি লিখেছেন

(A) ধূর্জটি প্রসাদ মুখোপাধ্যায় (B) অন্নদাশঙ্কর রায়

(C) বুদ্ধদেব বসু (D) শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

50. শকুন্তলা, মিরন্দা এবং দেস্‌দিমোনা প্রবন্ধটি লিখেছেন

(A) রবীন্দ্রনাথ ঠাকুর (B) চন্দ্রনাথ বসু

(C) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (D) ভূদেব মুখোপাধ্যায়

- o 0 o -

www.examrace.com